

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

বিষয় : বিভাগীয় বিশেষ সাহায্য- চিকিৎসা (৭৮তম) এর আবেদন বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : খিনওয়ান নু
পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, চট্টগ্রাম
তারিখ : ০৭মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১০.৩০ টা
স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

২.০ সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভাপতি বাছাই কমিটির আলোচ্যসূচি অনুযায়ী বিভাগীয় বিশেষ সাহায্যের আওতায় প্রাপ্ত চিকিৎসা অনুদানের আবেদনসমূহ সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহের তথ্যাদি নিম্নরূপ :


২.১ বিভাগীয় বিশেষ সাহায্য (চিকিৎসা) এর আওতায় ২৫/০২/২০২৪ হতে ০৬/০৩/২০২৪ পর্যন্ত মোট ২৯৭ টি আবেদন পাওয়া গেছে। প্রাপ্ত আবেদনের মধ্যে ২ বর্ষপূর্ণি পূর্বের ভাউচারে আবেদন করাসহ আবেদনের শর্তাবলী ও নিয়মাবলী যথাযথ অনুসরণ না করায় ২৩ টি আবেদন স্থগিত ও ০১ টি আবেদন বাতিলযোগ্য বলে বিবেচিত হয়েছে। অবশিষ্ট ২৭৩ টি আবেদন বর্ণিত সাহায্য পাওয়ার প্রাপ্যতা রয়েছে মর্মে বিবেচিত হয়। এছাড়া পূর্বের সভাসমূহে স্থগিত আবেদনের মধ্যে মোট ১৬ টি আবেদনের জবাব পাওয়া গেছে এবং তার মধ্যে ১৬টি আবেদনের যথাযথ জবাব পাওয়ায় উক্ত আবেদনসমূহ স্বয়ংসম্পূর্ণ আবেদন হিসেবে অদ্য সভায় উপস্থাপন করা হয়। বাছাই কমিটিতে চলতি সভার ২৭৩ টি এবং পত্রের জবাব পাওয়া ১৬টি সহ মোট ২৮৯ টি আবেদনের অনুকূলে ৫৯,৪৪,০০০/- (উনষাট লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা মঞ্জুরী প্রদানের সুপারিশ করা হয়।

বিবরণ	প্রাপ্ত আবেদন (সংখ্যা)			প্রাপ্যতা রয়েছে (সংখ্যা)			স্থগিত ও বাতিলযোগ্য আবেদন (সংখ্যা)		
	২৫/০২/২৪ হতে ০৬/০৩/২৪ পর্যন্ত	স্থগিত আবেদনের প্রাপ্ত জবাব	মোট	২৫/০২/২৪ হতে ০৬/০৩/২৪ পর্যন্ত	স্থগিত আবেদনের জবাব	মোট	স্থগিত	বাতিলযোগ্য	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
কর্মচারী	২৯৭	১৬	৩১৩	২৭৩	১৬	২৮৯	২৩	০১	২৪
মোট	২৯৭	১৬	৩১৩	২৭৩	১৬	২৮৯	২৩	০১	২৪

৩.০ সভায় বিস্তারিত আলোচনা এবং যাচাই-বাছাই শেষে বিভাগীয় বিশেষ সাহায্য-চিকিৎসা এর বাছাই কমিটি কর্তৃক নিম্নলিখিত প্রস্তাব গৃহীত হয়-

- (i) চিকিৎসা অনুদানের জন্য বিবেচিত তালিকাসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপ কমিটির সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- (ii) স্থগিত আবেদনসমূহের ক্ষেত্রে যথাযথ কাগজপত্র দাখিল করার জন্য আবেদনকারীদের অবহিত করা যেতে পারে মর্মে উপ কমিটিতে প্রস্তাব করা হবে
- (iii) স্থগিত ও বাতিলযোগ্য আবেদনপত্র সমূহ উপ কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করা হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(খিনওয়ান নু)
পরিচালক

ও

সভাপতি

বিভাগীয় বিশেষ সাহায্য (চিকিৎসা) বাছাইকমিটি
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

ফোনঃ ০২৩-৩৩৩১৭৮৯৩

E-mail: directorchi@bkkb.gov.bd